# ২০১৮-১৯ অর্থবছরের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের বার্ষিক প্রতিবেদন

## নির্বাহী সারসংক্ষেপ:

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতের উন্নয়নে মানসম্মত স্বাস্থ্য শিক্ষা এবং সবার জন্য সাশ্রয়ী ও গুনগত পরিবার পরিকল্পনা সেবাদানের লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ইতোপূর্বে প্রতিষ্ঠিত ৩১টি সরকারি মেডিকেল কলেজ ছাড়াও ২০১৮-১৯ অর্থবছরে নওগাঁ, নীলফামারী, মাগুরা, চাঁদপুর ও নেত্রকোণায় মোট নতুন ৫টি সরকারি মেডিকেল কলেজ স্থাপন করা হয়েছে। মেডিকেল কলেজগুলোতে নতুনভাবে আরও ৭৫০জন ছাত্র-ছাত্রী ভর্তির আসন সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। ৯টি মেডিকেল কলেজে ছাত্র-ছাত্রী হোস্টেল নির্মাণ, পাবনা নার্সিং ইন্সটিটিউটকে নার্সিং কলেজে রুপান্তর, কিশোরগঞ্জ নার্সিং ইন্সটিটিউটে নতুন নার্সিং হোস্টেল নির্মাণ এবং ময়মনসিংহ মেডিকেল কলেজে নতুন পুরুষ হোস্টেল নির্মাণ ও নারী হোস্টেলের সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন, ২০১৮ এর গেজেট প্রকাশ করা হয়।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে "Establishment of National Center for Cervical & Breast Cancer Screening & Training এবং Establishment of Institute for Pediatric Neuro Disorder & Autism, Conversion of BSMMU into Center of Excellence" স্থাপন করা হয়েছে। নোয়াখালী জেলার কবিরহাট, নরসিংদী জেলার শিবপুর, সিরাজগঞ্জ জেলার সদর, গোপালগঞ্জ জেলার মোকসেদপুর এবং বগুড়া জেলার শেরপুরে ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু স্বাস্থ্য সেবাকেন্দ্র স্থাপন, লক্ষ্মীপুর জেলায় ২টি এবং নোয়াখালী জেলায় ১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সাতক্ষীরা ও ঢাকার মহাখালীতে ২টি হেলথ্ টেকনোলজি ইনস্টিটিউট, মাদারীপুর, নওগাঁ ও রাজবাড়ীতে মোট ৩টি মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল স্থাপিত হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে সারাদেশে মোট ৩৮টি পরিবার পরিকল্পনা অফিস কাম স্টোর তৈরি করা হয়। ২০১৮-১৯ অর্থবছরে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে ১৫টি প্রকল্পের আওতায় এডিপিতে বরাদ্দকৃত ১,৮২৪.৫৮ কোটি টাকার বিপরীতে বিভিন্ন ধরনের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণের লক্ষ্যে ১,৩৭৬.৪১ কোটি টাকা ব্যয় করা হয়। উল্লেখ্য, Maternal and Child Health Care Training Institute (MCHTI), Lalkuthi, Mirpur, Dhaka শীর্ষক প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে।

বিভিন্ন পর্যায়ের স্বাস্থ্যকর্মীদের প্রশিক্ষণ কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে ১,৮৯২.৯৬ লক্ষ টাকা ব্যয়ে মানিকগঞ্জ সদরে নিপোর্টের আওতাধীন একটি আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (আরপিটিআই) নির্মাণ করা হয়েছে। মুক্তিযোদ্ধা কোটায় ১২৯ জন মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) নিয়োগ দেয়া হয়েছে। ক্লিনিক্যাল কনট্রাসেপশন সার্ভিস ডেলিভারী প্রোগ্রামের আওতায় ১২ জেলার ২০টি উপজেলায় ১,১৯৯টি পদে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হয় এবং ৮ জেলার ১৩টি উপজেলায় ৬৮১ জনকে নিয়োগ প্রদান করা হয়। প্রশিক্ষণার্থীদের নিবন্ধন সহজীকরণের লক্ষ্যে নিপোর্টে ডিজিটাল রেজিস্ট্রেশন সিস্টেম (Digital Registration System-DRS) নামে একটি Application Software (Apps) তৈরি করেছে। বাংলাদেশ হেলথ ফ্যাসিলিটি সার্ভে (BHFS) ২০১৭-এর প্রিলিমিনারি রিপোর্ট প্রকাশ করা হয়।

কক্সবাজার জেলাধীন Forcibly Displaced Myanmar Nationals (FDMN's) ক্যাম্পের আওতায় মোট ১,৬৯,৫৪৬ জন মাকে প্রসবপূর্ব সেবা, ৪,৭০৬ জন মাকে প্রসবকালীন সেবা এবং ২৭,৯৫৭ জন মাকে প্রসবোত্তর সেবা প্রদান করা হয়। ভবিষ্যতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগকে আরও আধুনিক ও যুগোপযোগি করার জন্য দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে।

## মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নাম: স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা: ৩টি

প্রতিবেদনাধীন বছর: ২০১৮-১৯ প্রতিবেদন প্রস্তুতির তারিখ: ০৮/০৮/২০১৯

### (১) প্রশাসনিক

১. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য* |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | ২১১ | ১৪১ | ৭০ | | |
| পরিবার পরিকল্পনা অধিদপ্তর | ৫২,২৪৮ | ৪১,১০১ | ১১,১৪৭ | | মোট অনুমোদিত পদ ৫২,৪৩৫<br>(ক) মূল রাজস্ব খাতভূক্ত পদ -৭,৭৭১।<br>(খ) অস্থায়ী রাজস্বখাতে স্থানান্তরিত- ৪৪,২৪৬।<br>(গ) রাজস্বখাতে সৃজিত রিটেশনেবল পদ- ২৩১।<br>(ঘ) উন্নয়ন খাতভূক্ত পদ- ১৮৭। |
| জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) | ৭৬৬ | ৪৭৭ | ২৮৯ | | বর্তমানে বিলুপ্তযোগ্য ৬০ জন কর্মরত আছে। |
| নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর | ১,৫৫৯ | ১,২৪৫ | ৩১৪ | | |
| মোট= | ৫৪,৭৮৪ | ৪২,৯৬৪ | ১১,৮২০ | | |

* অনুমোদিত পদের হ্রাস/বৃদ্ধির কারণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

১.২ শূন্যপদের বিন্যাস

| অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | ১৯৩ | ৬১১ | ৬৫৯ | ২,৮০৩ | ৭,৫৫৪ | ১১,৮২০ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ (অতিরিক্ত সচিব/সমপদমর্যাদাসম্পন্ন/সংস্থা-প্রধান/তদূর্ধ্ব) শূন্য থাকলে তার তালিকা: নেই

১.৪ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

১.৫ অন্যান্য পদের তথ্য: প্রযোজ্য নয়।

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| | |

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নাই।

D:\বার্ষিক প্রতিবেদন ২০১৮-২০১৯\FINAL_APA_2018-19.RTF

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | ২৩ | ২৩ | ১২৭ | ৩,৬৪০ | ৩,৭৬৭ | |

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/স্পেশাল এ্যাসিস্টেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | ৪৯ | ৩৬ | ৪২ | |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | |

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে)

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) * | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিস্টেন্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১২৩ | ৩৫ | ৪১ | ৪৭ | |

* কতদিন বিদেশে ভ্রমণ করেছেন সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে।

১.৯ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

**(২) অডিট আপত্তি**

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

*(টাকার অঙ্ক কোটি টাকায় প্রদান করতে হবে)*

| ক্রমিক | মন্ত্রণালয়/ বিভাগসমূহের নাম | অডিট আপত্তি | | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | - | - | - | - | - | - | - |
| ২. | পরিবার পরিকল্পনা অধিদপ্তর | ৪৬ | ১২০.৯০ | ২০৩ | ১৪৪ | ৫.৬৫ | ৪৩২৬ | ৭৪.৯৮ |
| ৩. | নিপোর্ট | ৬৪ | ৩.০৬ | ৬৪ | ১৪ | ৩.০৩ | ৫০ | ০.০৩ |
| ৪. | নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর | ০৫ | ৯.৩৭ | ০২ | - | ৯.৩৭ | ০৫ | ৯.৩৭ |
| | সর্বমোট | ১১৫ | ১৩৩.৩৩ | ২৬৯ | ১৫৮ | ১৮.০৫ | ৪৩৮১ | ৮৪.৩৮ |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা : প্রযোজ্য নয়।

## (৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

| প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৮-১৯) মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দন্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ২২৩ | ২ | ২২ | ২২ | ৪৬ | ১৭৭ |

## (৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রিট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| - | ৫৬ | - | ৫৬ | - |

## (৫) মানবসম্পদ উন্নয়ন

৫.১ দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ১,৯১৭ | ৯৫,০৬৬ |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক প্রতিবেদনাধীন অর্থ-বছরে (২০১৮-১৯) কোন ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: ই-ফাইলিং এর বিষয়ে ১৪৯ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : প্রযোজ্য নয়।

৫.৪ মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি-না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি-না? : প্রযোজ্য নয়।

৫.৫ প্রতিবেদনাধীন অর্থ-বছরে (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত) প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : ২৭১ জন

## (৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ৮২৯ | ৬০,০৭৪ |

(৭) **তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার স্থাপন**

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারি |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১,২০৯ | আছে | আছে | আছে | ২০৭ | ৬৯১ |

**(৯) প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট**

৯.১ প্রতিবেদনাধীন অর্থ-বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন করে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

৯.২ <u>প্রতিবেদনাধীন অর্থ-বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:</u>

(১) ২০১৮-১৯ অর্থবছরে রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণীর বিভিন্ন পদে ৫০ জনের নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়েছে। তন্মধ্যে ৪৫জন কর্মচারী এ বিভাগে যোগদান করেছেন।

(২) ২০১৮-১৯ অর্থবছরে নওগাঁ, নীলফামারী, মাগুরা, চাঁদপুর ও নেত্রকোণা জেলায় মোট ৫টি সরকারি মেডিকেল কলেজ স্থাপন করা হয়েছে এবং মেডিকেল কলেজগুলোতে আরও ৭৫০জন ছাত্র-ছাত্রী ভর্তির আসন সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন, ২০১৮ মহান জাতীয় সংসদে পাশ হয়ে ০১ অক্টোবর, ২০১৮ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়েছে।

(৩) ২০১৮-১৯ অর্থবছরে মুক্তিযোদ্ধা কোটায় ১২৯ জন মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) নিয়োগ দেয়া হয়েছে সেই সাথে ১৪৩ জন সিনিয়র স্টাফ নার্সকে বৈদেশিক প্রশিক্ষণ এবং ৪০ জন নার্সকে ইংরেজি ভাষার উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(৪) ২০১৮-১৯ অর্থবছরে পরিবার পরিকল্পনা স্থায়ী পদ্ধতি গ্রহণকারী) এনএসভি ও টিউবেকটমি (১,২৭,০০১ জন ,পরিবার পরিকল্পনা দীর্ঘমেয়াদী পদ্ধতি আইইউডি গ্রহণকারীর সংখ্যা ১,৭৬,৩৫৪ জন এবং ইমপ্ল্যান্ট গ্রহণকারীর সংখ্যা ৩,২৩,৬৮৩ জন।

)৫ (ক্লিনিক্যাল কনট্রাসেপশন সার্ভিস ডেলিভারী প্রোগ্রামের আওতায় ২০১৮-১৯ অর্থবছরে ১২ জেলার ২০টি উপজেলায় ১,১৯৯টি পদে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ৮ জেলার ১৩টি উপজেলায় ৬৮১ জন নিয়োগ প্রদান করা হয়েছে। এছাড়া সিনিয়র স্টাফ নার্স ১৪ জন এবং ০১ জন স্টোর কিপারের নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

)৬ (২০১৮-১৯ অর্থবছরে বিভিন্ন জন্মনিয়ন্ত্রণ সামগ্রী ,ঔষধ ও এমএসআর ক্রয় বাবদ আরপিএ) জিওবি (এ খাতে প্রায় ৪৩৩ কোটি ২৫ লক্ষ ১২ হাজার ৫৯৪ টাকা এবং জিওবি রাজস্ব খাতে প্রকিউরমেন্ট প্লান অনুযায়ী ৯৪ কোটি ৮১ লক্ষ ৩৪ হাজার ২৪২.৫৮ টাকা জিওবি উন্নয়ন খাতে ব্যয় করা হয়।

)৭ (২০১৮-১৯ অর্থবছরে Maternal, Child and Reproductive Health (MCRH) সার্ভিসেস প্রোগ্রামের আওতায় মোট ২৭,৬৪,৮০০ জন মাকে প্রসবপূর্ব সেবা ,৩১,৫০,৬৩ জন মাকে প্রসবোত্তর ,১,৬৫,৭০০ জন মাকে প্রসব সেবা ,১৩,২২৯ জন মাকে সিজারিয়ান অপারেশনের মাধ্যমে প্রসব সেবা প্রদান করা হয়েছে। এ ছাড়া ০-৫ বছরের ৫০,৭০,৪৩৬ জন এবং ১,৪৯,০২,৭৬২ জন সাধারণ রোগীকে চিকিৎসা সেবা দেওয়া হয়েছে।

(৮) ২০১৮-১৯ অর্থ বছরে কক্সবাজার জেলাধীন Forcibly Displaced Myanmar Nationals (FDMN's) ক্যাম্পের আওতায় মোট ১,৬৯,৫৪৬ জন মাকে প্রসবপূর্ব সেবা, ২৭,৯৫৭ জন মাকে প্রসবোত্তর, ৪,৭০৬ জন মাকে প্রসবকালীন সেবা প্রদান করা হয়েছে। এ ছাড়া ০-৫ বছরের ২,৭৬,৬৭৩ জন এবং ৭,০৫,৯৯৭ জন সাধারণ রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।

)৯ (এ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন Completion of the Incomplete Work of Maternal and Child Health Care Training Institute (MCHTI), Lalkuthi, Mirpur, Dhaka শীর্ষক প্রকল্পের কাজ সমাপ্ত করা হয়েছে।

(১০) ২০১৮-১৯ অর্থবছরে মাস্টার্স ইন মিডওয়াইফারি কারিকুলাম প্রস্তুত করা হয়েছে।

(১১) ২য় শ্রেণিধারী ২৪৯ জন নার্সিং কর্মকর্তাকে ১ম শ্রেণির বিভিন্ন পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

(১২) ২০১৮-১৯ অর্থবছরে নিপোর্ট প্রধান কার্যালয় ও এর অধীন ১২টি আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট) আরপিটিআই( এবং ২০টি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র) আরটিসি-(এর মাধ্যমে স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি অধিদপ্তরসহ অন্যান্য সংস্থার মোট ৩৬,১৯৭ জন কর্মসূচি ব্যবস্থাপক, সেবাপ্রদানকারী, সুপারভাইজার ও মাঠকর্মীদেরকে নিপোর্টের তত্ত্বাবধানে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(১৩) ২০১৮-১৯ অর্থবছরে প্রথমবারের মত নিপোর্ট প্রধান কার্যালয়ে এবং ১২টি আরপিটিআই এ নিয়োগপ্রাপ্ত সকল সিনিয়র স্টাফ নার্সদের জন্যে আচরণ পরিবর্তনে যোগাযোগ) বিসিসি (এবং অফিস ব্যবস্থাপনা বিষয়ে ১০ কার্যদিবসব্যাপী ওরিয়েন্টেশন প্রশিক্ষণ প্রদান শুরু করা হয়।

(১৪) প্রশিক্ষণার্থীদের নিবন্ধন সহজিকরণের লক্ষ্যে নিপোর্ট ডিজিটাল রেজিস্ট্রেশন সিস্টেম) Digital Registration System-DRS) নামে একটি Application Software (Apps) তৈরি করেছে। এপ্লিকেশন সফটওয়্যারটি পরবর্তীতে নিপোর্ট প্রশিক্ষণ ব্যবস্থাপনা সিস্টেমের) Training Management System) সঙ্গে সংযোগ করে দেওয়া হবে যাতে অতি সহজে ডিজিটাল পদ্ধতিতে প্রশিক্ষণ পরিচালনা ও প্রশিক্ষণের তথ্য সংরক্ষণসহ ভবিষ্যতে ব্যবহার করা যায়।

(১৫) ২০১৮-১৯ অর্থবছরে বাংলাদেশ হেলথ ফ্যাসিলিটি সার্ভে) BHFS) ২০১৭-এর প্রিলিমিনারি রিপোর্ট প্রকাশ করেছে এবং বাংলাদেশ ডেমোগ্রাফিক অ্যান্ড হেলথ সার্ভে) BDHS) ২০১৭-১৮ এর মুখ্য ইনডিকেটর রিপোর্ট প্রণয়ন ও অংশীজনের সঙ্গে শেয়ার করা হয়। উক্ত সময়ে ৬টি গবেষণার খসড়া প্রতিবেদন প্রণয়ন করা হয়। একটি সার্ভে ও একটি গবেষণা কাজের জন্য তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ শেষ করা হয় এবং একটি সার্ভের তথ্য সংগ্রহের জন্য প্রশ্নপত্র প্রণয়ন করা হয়েছে।

(১৬) নিপোর্ট কর্মশালার মাধ্যমে আলোচ্য অর্থবছরে পরিচালিতব্য অগ্রাধিকারভিত্তিক গবেষণার বিষয় চূড়ান্ত করেছে এবং আইসিডিডিআর,বি এর সাথে যৌথ উদ্যোগে ২টি গবেষণা সম্পন্ন করে প্রাথমিক প্রতিবেদন প্রকাশ করেছে। নিপোর্টের বার্ষিক প্রতিবেদন ও ৩টি সংখ্যা নিউজ লেটার-নিপোর্ট বার্তা প্রকাশ করা হয়েছে। এ অর্থবছরে নিপোর্ট কাজের সহিত সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে ১০টি সেমিনার/কর্মশালা আয়োজন করেছে, যাতে মোট ৫৫৭ জন কর্মসূচি ব্যবস্থাপক, কর্মকর্তা, সেবা প্রদানকারী, গবেষক, প্রশিক্ষক এনজিও কর্মকর্তা যোগদান করেছেন।

(১৭) ২০১৮-১৯ অর্থবছরে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে ১৫টি প্রকল্পের আওতায় এডিপিতে বরাদ্দকৃত ১,৮২৪.৫৮ কোটি টাকার বিপরীতে ব্যয়িত অর্থের পরিমান ১,৩৭৬.৪১ কোটি টাকা। নোয়াখালী জেলার কবিরহাট, শিবপুর, নরসিংদী, সিরাজগঞ্জ জেলার সদর, গোপালগঞ্জ জেলার মোকসেদপুর এবং

শেরপুর বগুড়া জেলায় ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু স্বাস্থ্য সেবাকেন্দ্র স্থাপন, লক্ষ্মীপুর জেলায় ২টি এবং নোয়াখালী জেলায় ১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, সাতক্ষীরা ও ঢাকার মহাখালীতে ২টি হেলথ্ টেকনোলজি ইন্সটিটিউট, মাদারীপুর, নওগাঁ ও রাজবাড়ীতে মোট ৩টি মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনি স্কুল স্থাপিত হয়েছে।

(১৮) ২০১৮-১৯ অর্থবছরে সারাদেশে মোট ৩৮টি পরিবার পরিকল্পনা অফিস কাম স্টোর তৈরি করা হয়েছে।

(১৯) ২০১৮-১৯ অর্থবছরে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে Establishment of National Center for Cervical & Breast Cancer Screening & Training এবং Establishment of Institute for Pediatric Neuro Disorder & Autism, Conversion of BSMMU into Center of Excellence স্থাপিত হয়েছে।

(২০) ২০১৮-১৯ অর্থবছরে ৯টি মেডিকেল কলেজে ছাত্র-ছাত্রী হোস্টেল নির্মাণ, পাবনা নার্সিং ইন্সটিটিউটকে নার্সিং কলেজে রুপান্তর, কিশোরগঞ্জ নার্সিং ইন্সটিটিউটে নতুন নার্সিং হোস্টেল নির্মাণ এবং ময়মনসিংহ মেডিকেল কলেজে নতুন পুরুষ হোস্টেল নির্মাণ ও নারী হোস্টেলের সংখ্যা বৃদ্ধি করা হয়েছে।

(২১) ২০১৮-২০১৯ অর্থ বছরে জন্মনিয়ন্ত্রণ সামগ্রী ও ঔষধ ও এমএসআর ক্রয়/সংগ্রহরে পরিমান নিম্নরূপঃ

| জিওবি রাজস্ব | জিওবি উন্নয়ন | আরপিএ (জিওবি) |
|---|---|---|
| • ১৭৫ মিলিয়ন পিস কনডম<br>• ০.২২ মিলিয়ন ইমপ্ল্যান্ট ২ স্টীক<br>• ০.১৫ মিলিয়ন সেফটি বক্স | • ১৩০০০০ পিস শাড়ী<br>• ১৩০০০০ পিস লুঙ্গী<br>• ৬০০০০০ সেট ইমপ্ল্যান্ট (২ স্টীক)<br>• ২২ আইটেমের ঔষধ ও ইনভিলপ<br>• ১০টি মটর ভেহিকেল (জীপ)<br>• ০৩টি মাইক্রোবাস<br>• ৩২টি জীপ ভেহিকেল<br>• ০৫টি ট্রাক (৫টন) কাভার্ড ভ্যান<br>• ০৬ পিস সার্জিক্যাল ইনস্ট্রুমেন্ট ফর ল্যাপরোসকপি লাইগেশন<br>• ১০টি এভি ভ্যান | • ১৫ মিলিয়ন এডি সিরিঞ্জ<br>• ১১০ মিলিয়ন ওরাল পিল (সিওপি)<br>• ১২.৫ মিলিয়ন ভায়াল ইনজেকটেবল<br>• ১.৬৫ মিলিয়ন ইমপ্ল্যান্ট ২ স্টীকস<br>• ২.০ মিলিয়ন ওরাল পিল (পিওপি)<br>• ৩ মিলিয়ন ট্যাবলেট ডক্সিসাইক্লিন<br>• ৭ মিলিয়ন ট্যাবলেট মেট্রোনিডাজল<br>• ৮ মিলিয়ন ট্যাবলেট সিপ্রোফ্লোসানিন ৫০০ এমজি<br>• ১ মিলিয়ন ট্যাবলেট মিশোপোস্টাল<br>• ৮ হাজার পিস ট্যাব |

(২২) প্রশিক্ষণ কাযক্রম আরো গতিশীল করার লক্ষ্যে মানিকগঞ্জ সদরে নিপোর্টের আওতাধীন একটি আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (আরপিটিআই) নির্মাণ করা হয়েছে। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকর্তৃক নির্মিত কাজে ১,৮৯২.৯৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে। নির্মাণ কাজটি ০৪.০৫.২০১৯ খ্রি. তারিখে সমাপ্ত হয়েছে (ছবি সংযুক্ত)।



নবনির্মিত মানিকগঞ্জ আরপিটিআই

(২৩) সরকারি যাবতীয় নিয়ম-নীতি পালনপূর্বক নিপোর্টের অধীন ৭টি মাইক্রোবাস এবং ১টি জীপ গাড়ী ক্রয় করা হয়েছে।

(২৪) বর্তমান সরকারের আমলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ২০১৬ এবং ২০১৮ সালে দুই দফায় যথাক্রমে ১০,০০০ জন ও ৫,০৯২ জনসহ মোট ১৫,০৯২ জন সিনিয়র স্টাফ নার্স নিয়োগ করা হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর দিকনির্দেশনা অনুযায়ী ২০১৮-১৯ অর্থবছরে প্রথম বারের মত নিপোর্ট প্রধান কার্যালয়ে এবং ১২টি আরপিটিআই এ নিয়োগপ্রাপ্ত এসকল সিনিয়র স্টাফ নার্সদের জন্যে আচরণ পরিবর্তনে যোগাযোগ (বিসিসি) এবং অফিস ব্যবস্থাপনা বিষয়ে ১০ কর্মদিবস ব্যাপী ওরিয়েন্টেশন প্রশিক্ষণ প্রদান শুরু করা হয়। এ অর্থবছরে ৪২টি ব্যাচে মোট ১,০৪৯ জন সিনিয়র স্টাফ নার্সকে ওরিয়েন্টেশন প্রদান করা হয়েছে।

(২৫) ২০১৮-১৯ অর্থবছরে নিপোর্ট প্রধান কার্যালয়ে ১) নবজাতকের সমন্বিতসেবা (ENC) ২) প্রজনন ও যৌন স্বাস্থ্য এবং অধিকার (SRHR); ৩) উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার (SACMO) গণের ইনডাকশন/চাকরিকালীন প্রশিক্ষণ; এবং ৪) পরিবার কল্যাণ সহকারী (FWA) দের পুন:প্রশিক্ষণ শীর্ষক ৪টি কারিকুলাম টেকনিক্যাল কমিটি কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদনের পর তা মুদ্রণ করা হয়েছে। তাছাড়া স্বাস্থ্য সহকারীদের মৌলিক প্রশিক্ষণ ও শিশুর প্রারম্ভিক বিকাশ এবং জন্ম নিবন্ধন ও শিশু অধিকার শীর্ষক ২টি নতুন কারিকুলাম টেকনিক্যাল কমিটি কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হয়েছে। দূর্যোগকালে মাঠ পর্যায়ে স্বাস্থ্য সেবা চলমান রাখার জন্য দূর্যোগ প্রতিরোধ এবং ব্যবস্থাপনা বিষয়ে একটি প্রশিক্ষণ কারিকুলাম প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(২৬) সকল অধিদপ্তরের সাথে ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে (ছবি সংযুক্ত)।





৯.৩ ২০১৮-১৯ অর্থ-বছরে মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ (সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সঙ্কট উল্লেখের প্রয়োজন নেই; উদাহরণ: পদ সৃজন, শূন্যপদ পূরণ ইত্যাদি):

(১) নিপোর্ট চত্ত্বরে নতুন বহুতল বিশিষ্ট একটি ভবন নির্মাণের লক্ষ্যে পুরাতন ভবনটি ভেঙ্গে ফেলার প্রয়োজন হবে। সেক্ষেত্রে নিপোর্ট অফিস স্থানান্তর করার জন্য মিরপুরের লালকুঠিস্থ এমসিএইচটিআই নির্মাণাধীন ভবনের কয়েকটি ফ্ল্যাট নিপোর্টকে বরাদ্দ দেয়া হয়েছে। উক্ত ভবনের কাজ দ্রুত শেষ করা প্রয়োজন।

(২) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বিভক্ত হওয়ার পূর্বে সকল Operational Plan (OP) প্রণয়ন করার ফলে কোন কোন Operational Plan এ উভয় বিভাগেরই সম্পৃক্ততা রয়েছে। এরুপ OP বাস্তবায়নে Manager পর্যায়ে এ বিভাগের সম্পৃক্ততা না থাকায় কাজের গতিশীলতা হ্রাস পাচ্ছে।

(৩) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে পুনর্গঠন করে স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ গঠন করা হয়। দু'টি বিভাগের জন্য প্রণীত Allocation of Business, অনুমোদিত সাংগঠনিক কাঠামো এবং বাস্তবতার মধ্যে কোন কোন ক্ষেত্রে অসামঞ্জস্যতা (Incoherence), দ্বৈততা (duplication) ও ধারণাগত ত্রুটি রয়েছে মর্মে প্রতীয়মান হয়। উল্লেখ্য, স্বাস্থ্য সেবা বিভাগের Allocation of Business এর ১৮ অনুচ্ছেদে "Administration of B.C.S (Health) cadre officers including those who work in Medical Colleges, Medical College Hospitals and Specialized Hospitals." বিষয়টি উল্লেখ আছে। এ কারণে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন মেডিকেল কলেজ ও অন্যান্য স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের নিয়ন্ত্রণসহ সার্বিক বিষয়ে সমন্বয়হীনতা রয়েছে। এ পরিপ্রেক্ষিতে গত ০১-০৮-২০১৭ খ্রি: তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অফিস আদেশের মাধ্যমে মেডিকেল কলেজসহ শিক্ষা প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে যে সকল কর্মকর্তা সুপিরিয়র সিলেকশন বোর্ড (এস.এস.বি) এর মাধ্যমে অধ্যাপক পদে পদোন্নতি পাবেন, সে সকল কর্মকর্তাসহ অধ্যক্ষ, উপাধ্যক্ষ পদের যোগ্য কর্মকর্তাগণ-কে বিভিন্ন মেডিকেল কলেজসহ শিক্ষা প্রতিষ্ঠানে টিচিং সংক্রান্ত পদে পদায়নের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ থেকে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে ন্যস্ত করার আদেশ প্রদান করেন। মেডিকেল কলেজসহ শিক্ষা প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে মেডিকেল কলেজসহ অন্যান্য স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানে টিচিং সংক্রান্ত পদে কর্মরত সকল কর্মকর্তা-কে স্বাস্থ্য সেবা বিভাগ হতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে ন্যস্ত করা প্রয়োজন।

উল্লিখিত সমস্যাসমূহ দ্রুত নিরসন করা না হলে এ বিভাগের সার্বিক কর্মকান্ডের উপর নেতিবাচক প্রভাব পড়তে পারে মর্মে প্রতীয়মান হয়।

**(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত**

১০.১ ২০১৮-১৯ অর্থ-বছরের কার্যাবলির মাধ্যমে মন্ত্রণালয়ের আরব্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি?

Allocation of Business ও অর্গানোগ্রাম অনুযায়ী পুনর্গঠিত দুই বিভাগের সম্পদ বন্টনে ভারসাম্যহীনতার কারণে এ বিভাগের আরব্ধ উদ্দেশ্যাবলি সাধন করা সম্ভব হচ্ছে না।

১০.২ উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ : প্রযোজ্য নয়।

১০.৩ মন্ত্রণালয়ের আরব্ধ উদ্দেশ্যাবলি আরও দক্ষতা ও সাফল্যের সঙ্গে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ:

(ক) বর্তমান Allocation of Business ও অর্গানোগ্রাম অনুসারে প্রাপ্যতা অনুযায়ী অবিভক্ত মন্ত্রণালয়ের সকল সম্পদ, দু' বিভাগের মধ্যে আনুপাতিক হারে জরুরি ভিত্তিতে বন্টন করা প্রয়োজন।

(খ) মেডিকেল কলেজ, মেডিকেল বিশ্ববিদ্যালয়, নার্সিং কলেজ/নার্সিং ইন্সটিটিউট, ডেন্টাল কলেজ, প্যারামেডিক ইন্সটিটিউট (MATs), IHTs), হোমিও/আয়ুর্বেদিক কলেজ/বোর্ড এ কর্মরত সকল ক্যাডার গেজেটেড প্রফেশনালস/ কর্মকর্তাদের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে ন্যস্ত করা প্রয়োজন।

(গ) কর্মবন্টন অনুসারে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের উন্নয়ন অনুবিভাগের বিশেষ করে নির্মাণ ও মেরামত অধিশাখার কাজ সুনির্দিষ্ট করা প্রয়োজন।

(ঘ) Alternative Medical Care শীর্ষক অপারেশনাল প্লান বাস্তবায়নের দায়িত্ব স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে অর্পন করা প্রয়োজন।

(ঙ) পুনর্গঠিত দু'টি বিভাগের কর্মবন্টন (Allocation of Business) অনুমোদিত সাংগঠনিক কাঠামো এবং বাস্তবতার মধ্যে কিছু অসামঞ্জস্যতা (Incoherence), দ্বৈততা (duplication) ও ধারণাগত ত্রুটি (conceptual mismatch) দুর করে Allocation of Business ও অর্গানোগ্রাম সংশোধন করা প্রয়োজন।

(চ) মন্ত্রণালয় কর্তৃক স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে মন্ত্রণালয় ও দপ্তর/ সংস্থার সকল কর্মকর্তাকে সম্পৃক্তকরণ ও উদ্বুদ্ধকরণ।

(ছ) মন্ত্রণালয়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ ব্যবস্থাপনা বিষয়ে Thematic Study Circle গঠন এবং মন্ত্রণালয়, দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ে Motivation Leader এর মাধ্যমে কর্মে উদ্বুদ্ধকরণ।

(জ) গবেষণালব্ধ ফলাফল এবং মাঠ পর্যায়ের ব্যবহারিক অভিজ্ঞতা নীতি প্রণয়নে যথাযথভাবে সমন্বয় সাধরণ।

**(১৫) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত** (বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের জন্য):

১৫.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১৫ টি | ১,৮২৪.৫৮ কোটি | ১,৩৭৬.৪১ কোটি (৭৫.৪৪%) | ০৯ টি |

১৫.২ প্রকল্পের অবস্থা (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

| শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ২ | ক. লালকুঠি মাতৃ ও শিশু স্বাস্থ্য কেন্দ্রের অসম্পূর্ণ কাজ সমাপ্তকরণ;<br>খ. এ্যাস্টাবলিসমেন্ট অব নার্সিং ইনস্টিটিউট অব পাবনা;<br>গ. এ্যাস্টাবলিসমেন্ট অফ ন্যাশনাল ইনস্টিটিউট অফ এ্যাডভান্সড প্র্যাকটিস নার্সেস ইন বাংলাদেশ (১ম সংশোধিত);<br>ঘ. এক্সপানশন এন্ড কোয়ালিটি ইমপ্রুভড অব নার্সিং এডুকেশন (১ম সংশোধিত)। | - | - |

**(২০) স্বাস্থ্য-সংক্রান্ত তথ্য (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের জন্য)**

২০.১ মেডিকেল কলেজসহ বিভিন্ন চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত):

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সম্পর্কিত

| প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের সংখ্যা | | | ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা | | | অধ্যায়নরত ছাত্র-ছাত্রীর সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | সরকারি | বেসরকারি | মোট | সরকারি | বেসরকারি | মোট | মোট ছাত্র | মোট ছাত্রী |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| মেডিকেল কলেজ | ৩৬ | ৭০ | ১০৬ | ৪,০৯০ | ৫,২১৪ | ৯,৩০৪ | ১৭,৪৩৭ | ২৭,৪৭৯ |
| আর্মি মেডিকেল কলেজ | ০ | ০৫ | ০৫ | ২৫০ | - | ২৫০ | ৬২৫ | - |
| আমর্ড ফোর্সেস মেডিকেল কলেজ | ১ | ০ | ১ | ১২৫ | - | ১২৫ | ১,২৫০ | - |
| ডেন্টাল কলেজ ও ইউনিট | ৯ | ২৬ | ৩৫ | - | - | - | - | - |
| নার্সিং ইনস্টিটিউট | ৪৩ | ১৬১ | ২০৪ | - | - | - | - | - |
| নার্সিং কলেজ | ১৮ | ৫৮ | ৭৬ | ১,১১০ | ২,২৪১ | ৩,৩৫১ | ৫৬৯ | ২,৭৮২ |
| মেডিকেল এ্যাসিস্টেন্ট ট্রেনিং স্কুল | ০৯ | ২০০ | ২০৯ | ৬৬০ | ৪,৩৪১ | ৫,০০১ | - | - |
| ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি | ১৩ | ৯৭ | ১১০ | ১,৫৩৪ | ৮৬০ | ২,৩৯৪ | - | - |
| ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্স | ৪৩ | ১৬১ | ২০৪ | ২৫৮০ | ৭৩৪৫ | ৯৯২৫ | ১৪৯৯ | ৮৪২৬ |
| ডিপ্লোম মিওয়াইফারি কোর্স | ৩৮ | ১৭ | ৫৫ | ৯৭৫ | ৫৯০ | ১৫৬৫ | - | ১৫৬৫ |
| পোস্ট বেসিক বিএসসি নার্সিং কলেজ | ৪ | ৪৪ | ৪৮ | ৩৭৫ | ১৪৮৭ | ১৮৬২ | ১৪৪ | ১৭১৮ |
| মাস্টার্স অব সায়েন্স ইন নার্সিং (এমএসএন) | ১ | - | ১ | ৬০ | - | ৬০ | ৬ | ৩৪ |

২০.২ স্বাস্থ্য-সংক্রান্ত:

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সম্পর্কিত

| জন্ম-হার (প্রতি হাজারে) | মৃত্যু-হার (প্রতি হাজারে) | জনসংখ্যা বৃদ্ধি হার (শতকরা) | নবজাতক (Infant) মৃত্যুর-হার (প্রতি হাজারে) | ৫ (পাঁচ) বছর বয়স পর্যন্ত শিশু মৃত্যুর-হার (প্রতি হাজারে) | মাতৃ মৃত্যুর হার (প্রতি হাজারে) | পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের শতকরা হার (সক্ষম দম্পতি) | গড় আয়ু (বছর) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | পুরুষ | মহিলা | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১৮.৩ SVRS-2018 (BBS) | ৫.০ SVRS-2018 (BBS) | ১.৩৩ SVRS-2018 (BBS) | ১৬ SVRS-2018 (BBS) | ২৯, SVRS-2018 (BBS) | ১.৬৯ SVRS-2018 (BBS) | ৬৩.১% SVRS-2018 (BBS) | ৭০.৮ SVRS-2018 (BBS) | ৭৩.৮ SVRS-2018 (BBS) | ৭২.৩ SVRS-2018 (BBS) |

২০.৩ স্বাস্থ্যরক্ষায় ব্যয় ও অবকাঠামো সংক্রান্ত (০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত)

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সম্পর্কিত

বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান নির্মাণ সংক্রান্ত ব্যয়:

(ক) ২০১৮-২০১৯ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে ৪৩.০৩ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

(খ) ২০১৮-২০১৯ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে ৪৩.০৩ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

**(২৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পূরণ করবে)**

| মন্ত্রণালয়/বিভাগ | ক্রম | সামাজিক নিরাপত্তা কর্মসূচির ধরন | প্রতিবেদনাধীন বছর (২০১৮-১৯) | | পূর্ববর্তী বছর (২০১৭-১৮) | |
|---|---|---|---|---|---|---|
| | | | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) | সুবিধাভোগী ব্যক্তি/পরিবার/প্রতিষ্ঠানের সংখ্যা | আর্থিক সংশ্লেষ (লক্ষ টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| মেটারনাল চাইল্ড রিপ্রোডাক্টিভ এন্ড এডুলেসেন্ট হেলথ (MCRAH) অপারেশনাল প্ল্যান, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | ১ | মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক ঔষধ ক্রয় ও সরবরাহ (২২ প্রকার ঔষধ) | ৬,০০,০০০ জন মা- শিশু ও তার পরিবার | ৮,৭৩৫.৬১০০ লক্ষ টাকা | ৬,০০,০০০ জন মা- শিশু ও তার পরিবার | ৮,৯৩০.০০ লক্ষ টাকা |
| | ২ | প্রজনন স্বাস্থ্য ও কিশোর-কিশোরীদের জন্য ঔষধ ক্রয় ও সরবরাহ | ৪,৫০,০০০ জন মা এবং ২,২৫,০০০ কিশোর কিশোরী | ৫৩০.৪০ লক্ষ টাকা | ৪,৫০,০০০ জন মা এবং ২,২৫,০০০ কিশোর কিশোরী | ৫৬৯.২৫ লক্ষ টাকা |
| | ৩ | চিকিৎসা প্রদানের জন্য বিভিন্ন ধরনের এমএসআর এবং সংশ্লিষ্ট যন্ত্রপাতি ক্রয় ও সরবরাহ (বিপি মেশিন, স্টেথোসকোপ, গ্লুকোমিটার ইত্যাদি) | ৬,০০,০০০ মা ও তার পরিবার/৩১৩১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ৯৬টি মা ও শিশু কল্যাণ কেন্দ্র | ১১১.৯৪ লক্ষ টাকা | ৬,০০,০০০ মা ও তার পরিবার/৩১৩১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, ৯৬টি মা ও শিশু কল্যাণ কেন্দ্র | ১১০.০০ লক্ষ টাকা |
| | ৪ | নিরাপদ- স্বাভাবিক প্রসব সেবা প্রদানের জন্য ডেলিভারী কিট ক্রয় ও সরবরাহ | ১,৫০,০০০ জন গর্ভবতী মা/৩১৩১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | ৬৬৬.৫০ লক্ষ টাকা | ১,৫০,০০০ জন গর্ভবতী মা/৩১৩১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র | ৭৫১.৮২ লক্ষ টাকা |
| | ৫ | জরুরী প্রসূতি সেবার নিরাপত্তার জন্য মায়ের ব্যাংক ক্রয় ও সরবরাহ | ১,২৫,০০০ পরিবার | ১২৫.০০ লক্ষ টাকা | ৪০,০০০ পরিবার | ৪০.০০ লক্ষ টাকা |
| ক্লিনিক্যাল কন্ট্রাসেপসন সার্ভিসেস ডেলিভারি প্রোগ্রাম(CCSDP) | ১ | স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি(এনএসভি) | ৪০,৮৭৮ | ১,৫২৮.০২ | ৫০,৪৭৯ | ১,৮৮৬.৯১ |
| | ২ | স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি (টিউবেকটমি) | ৯১,৭৭৯ | ৩,৪৩০.৭০ | ৯২,৬৭১ | ৩,৪৬৪.০৪ |
| | ৩ | দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতি (আইইউডি) | ১,৮৭,৭৫২ | ১,৬৩৯.০৭ | ২,০২,১৯৮ | ১,৭৬৫.১৯ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ৪ | দীর্ঘমেয়াদী পরিবার পরিকল্পনা পদ্ধতি (ইমপ্ল্যান্ট) | ৩,৬৭,৬৫৭ | ২,৫৩৬.৮৩ | ৪,২২,৮১৩ | ২,৯১৭.৪১ |
| ফ্যামিলি প্ল্যানিং-ফিল্ড সার্ভিসেস ডেলিভারী (FP-FSD), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। | ১ | স্বেচ্ছাসেবী কার্যক্রম | ১৫০ জন | ১৭৫.২০ | ১৬৯ জন | ১৯৬.৩৫ |

০১ জুলাই ২০১৮ থেকে ৩০ জুন ২০১৯ পর্যন্ত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সংশ্লিষ্ট তথ্যাদি নির্ধারিত ছক মোতাবেক তুলে ধরা হলো।

**(শেখ ইউসুফ হারুন)**
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ